# যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ২৯৬

১/ বিবিধ

আরবী

إن الله ليس بتارك أحدا من المسلمين صبيحة أول يوم من شهر رمضان إلا غفر له

موضوع

رواه الخطيب (5 / 91) وعنه ابن الجوزي في " الموضوعات " (2 / 190) من طريق سلام الطويل عن زياد بن ميمون عن أنس مرفوعا

وهذا إسناد موضوع سلام الطويل اتهمه غير واحد بالكذب والوضع

وشيخه زياد بن ميمون وضاع باعترافه

ومن هذا الوجه أورده، وقال ابن الجوزي ما ملخصه: لا يصح، سلام متروك، وزياد كذاب

وتعقبه السيوطي في " اللآليء " (2 / 101) بقوله

قلت: له طريق آخر، ثم ساق الحديث الآتي وهو موضوع أيضا فلم يصنع شيئا! وهو على الراجح نفس الطريق الأولى، كما سترى

বাংলা

২৯৬। নিশ্চয় আল্লাহ কোন মুসলিমকে রমযান মাসের প্রথম দিবসের প্রত্যূষে ক্ষমা না করে ছাড়েন না।

হাদীসটি জাল।

এটি খাতীব বাগদাদী (৫/৯১) এবং তার থেকে ইবনুল জাওযী “আলমাওযু’আত” গ্রন্থে (২/১৯০) সালাম আত-তাবীল সূত্রে যিয়াদ ইবনু মায়মূন হতে বর্ণনা করেছেন।

এটির সনদটি মাওযু (বানোয়াট)। সালাম আত-তাবীলকে একাধিক ব্যক্তি মিথ্যুক এবং জাল করার দোষে দোষী করেছেন। তার শাইখ যিয়াদ ইবনু মায়মুন স্বস্বীকৃত হাদীস জালকারী।

ইবনুল জাওযী বলেনঃ হাদীসটি সহীহ্ নয়। সালাম মাতরূক এবং যিয়াদ মিথ্যুক। সুয়ূতী “আল-লাআলী” গ্রন্থে (২/১০১) তার সমালোচনা করে বলেছেনঃ এটির অন্য সূত্রও রয়েছে।

অতঃপর নিম্নের হাদীসটি উল্লেখ করেছেন অথচ সেটিও জাল।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=5555

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন